



মাইলস্টোনে আহতদের চিকিৎসাসেবা দেওয়া শুরু করছে চীনা বিশেষজ্ঞ দল



সংগৃহীত ছবি

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে শুরু হয়েছে চীনা বিশেষজ্ঞ দলের চিকিৎসা কার্যক্রম। শুক্রবার (২৫ জুলাই) সকাল ৯টার দিকে ইনস্টিটিউটে পৌঁছায় দলটি। বর্তমানে সেখানে ৪২ জন দক্ষ রোগী চিকিৎসাধীন রয়েছেন, যাদের মধ্যে ছয়জনের অবস্থা আশঙ্কাজনক। চীনা চিকিৎসক দলটি আহতদের শারীরিক অবস্থা পর্যবেক্ষণ শেষে দিচ্ছেন চিকিৎসা পরামর্শ। সিঙ্গাপুর ও ভারতীয় বিশেষজ্ঞদের সাথে মিলে তাঁরা পরিচালনা করছেন সমন্বিত চিকিৎসা কার্যক্রম। সার্বিক পরিস্থিতি মূল্যায়নের পর একটি আনুষ্ঠানিক ব্রিফিং করার কথাও জানানো হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, বর্তমানে রক্ত বা চামড়া (স্কিন) দাতার প্রয়োজন নেই। চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার বহন করছে সরকার। অন্যদিকে, হাসপাতাল এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। সেনাবাহিনী, পুলিশ, র‍্যাভ এবং বিমান বাহিনী কঠোর নজরদারির দায়িত্বে রয়েছে। এর আগে বৃহস্পতিবার রাতে ঢাকায় পৌঁছায় চীনা বিশেষজ্ঞ দল। বিমানবন্দরে তাদের স্বাগত জানান বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের গ্লোবাল হেলথ ইমার্জেন্সি রেসপন্স অনুবিভাগের প্রধান সৈয়দা জেসমিন সুলতানা মিল্কি। দলটি এসেছে চীনের হুবেই প্রদেশের উহান থার্ড হাসপাতাল থেকে। প্রসঙ্গত, গেল সোমবার ঢাকার উত্তরা দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিধ্বস্ত হয় বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান। দুর্ঘটনার পরপরই অগ্নিকাণ্ডে পুড়ে যায় আশপাশের এলাকা। এ ঘটনায় এখন পর্যন্ত প্রাণ হারিয়েছেন ৩১ জন, যাদের অধিকাংশই শিশু।